

আবারও এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য বড় সুখবর

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২২:৩১, ২ সেপ্টেম্বর ২০২৫



এমপিও

ছবি: সংগৃহীত।

হাইকোর্ট বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক ও কর্মচারীদের জন্য নতুন সুখবর দিয়েছে। বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ আজ (মঙ্গলবার) ১৩ পৃষ্ঠার রায় প্রকাশ করে বলেছেন, শিক্ষক-কর্মচারীরা অবসরের ছয় মাসের মধ্যে অবসরকালীন সুবিধা (রিটায়ারমেন্ট বেনিফিট) পাবেন।

আদালতের রায়ে বলা হয়েছে, শিক্ষকদের রিটায়ারমেন্ট বেনিফিট
পেতে বছরের পর বছর ঘুরতে হয়, যা অন্যায় ও দুঃখজনক। এই
প্রক্রিয়ায় কোনো শিক্ষক বা কর্মচারী যেন হয়রানির শিকার না হন,
সেজন্য অবসরকালীন সুবিধা অবসরের ৬ মাসের মধ্যে প্রদান করা
আবশ্যিক।

হাইকোর্ট আরও উল্লেখ করেছে, প্রাথমিক শিক্ষকদের বেতন বিবেচনায় রাখা হবে এবং
এই সুবিধা পেতে কেউ বছরের পর বছর দ্বারে দ্বারে ঘুরতে পারবে না।

দেশে বর্তমানে ২২ হাজার ১৭৪টি এমপিওভুক্ত বেসরকারি
শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে মোট শিক্ষক-কর্মচারীর সংখ্যা
প্রায় ৩ লাখ ৫৯ হাজার ৬০৮।